**"এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৮.২০২৪-১৩৩১ | তারিখঃ ০৭ পৌষ ১৪৩১ / ২২ ডিসেম্বর ২০২৪

## পরিপত্র

বিষয় : **বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) চলাকালীন তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণয়নকৃত কর্মসূচিসমূহ বাস্তবায়ন।**

৩০ ডিসেম্বর ২০২৪ হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৫' অনুষ্ঠিত হবে। সমৃদ্ধ বাংলাদেশ গড়ার নিমিত্ত 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৫'-কে কেন্দ্র করে 'তারুণ্যের উৎসব-২০২৫' সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের লক্ষ্যে প্রধান উপদেষ্টার কার্যালয় কর্তৃক কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ নিম্নরূপঃ

| ক্রম | স্থানীয় সরকার বিভাগের কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | সময়কাল |
|---|---|---|---|
| ১। | ক) নতুন বাংলাদেশ বিনির্মাণে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় এবং স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে প্রতিটি ইউনিয়ন, পৌরসভা থেকে শুরু করে, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে পর্যায়ক্রমে একদিন করে 'তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ'-শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হবে; এবং<br>খ) জেলা পর্যায়ের কর্মশালা শেষে বিভাগীয় পর্যায়ে সকল জেলার প্রতিনিধির সমন্বয়ে 'তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ'-শীর্ষক তরুণ সমাবেশের আয়োজন করা হবে।<br>গ) সিটি কর্পোরেশনসমূহ ওয়ার্ড পর্যায় থেকে কার্যক্রম শুরু করবে এবং জাতীয় পর্যায়ে সমাবেশে অংশগ্রহণ করবে।<br>ঘ) বিভাগীয় পর্যায়ের কর্মশালা শেষে জাতীয় পর্যায়ে সকল জেলার প্রতিনিধির সমন্বয়ে 'তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ'-শীর্ষক তরুণ সমাবেশের আয়োজন করা হবে। | ১। ইউনিয়ন পরিষদ;<br>২। উপজেলা পরিষদ;<br>৩। জেলা পরিষদ;<br>৪। পৌরসভা<br>৫। সিটি কর্পোরেশন;<br>৬। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়<br>৭। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর<br>৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>৯। ঢাকা ওয়াসা<br>১০। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>১১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>১২। স্থানীয় সরকার বিভাগ | ১। ইউনিয়ন পর্যায়ে জানুয়ারি ২০২৫-এর প্রথম সপ্তাহ (৪-৯ জানুয়ারি, ২০২৫);<br>২। উপজেলা পর্যায়ে জানুয়ারি ২০২৫-এর দ্বিতীয় সপ্তাহ (১১-১৬ জানুয়ারি, ২০২৫);<br>৩। জেলা পর্যায়ে জানুয়ারি, ২০২৫-এর তৃতীয় সপ্তাহ (১৮-২৩ জানুয়ারি, ২০২৫);<br>৪। বিভাগীয় পর্যায়ে জানুয়ারি, ২০২৫-এর চতুর্থ সপ্তাহ (২৫-৩০ জানুয়ারি ২০২৫);<br>৫। জাতীয় পর্যায়ে ফেব্রুয়ারি ২০২৫-এর প্রথম সপ্তাহ অথবা সুবিধাজনক সময়ে (১-১৯ ফেব্রুয়ারি ২০২৫)। |

| ক্রম | স্থানীয় সরকার বিভাগের কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | সময়কাল |
|---|---|---|---|
| ২। | ক) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ওয়াসাসমূহের উদ্যোগে সারাদেশের স্কুল পর্যায়ে "জনস্বাস্থ্য রক্ষায় স্বাস্থ্যসম্মত শৌচাগার, হাত ধোঁয়ার চেয়ে অধিক গুরুত্বপূর্ণ"-শীর্ষক আন্তঃস্কুল বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করা হবে।<br>খ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ওয়াসাসমূহের উদ্যোগে সারাদেশের কলেজ পর্যায়ে "ডেঙ্গু মোকাবেলায় প্রাতিষ্ঠানিক উদ্যোগের চেয়ে ব্যক্তিগত সচেতনতা-ই অধিক গুরুত্বপূর্ণ"-শীর্ষক আন্তঃকলেজ বিতর্ক অনুষ্ঠানের আয়োজন করা হবে। | ১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>২। ঢাকা ওয়াসা<br>৩। চট্টগ্রাম ওয়াসা<br>৪। রাজশাহী ওয়াসা<br>৫। খুলনা ওয়াসা<br>৬। উপজেলা পরিষদ<br>৭। জেলা পরিষদ | ১। উপজেলা পর্যায়ে জানুয়ারি দ্বিতীয় সপ্তাহ (১১-১৬ জানুয়ারি, ২০২৫);<br>২। জেলা পর্যায়ে জানুয়ারি তৃতীয় সপ্তাহ (১৮-২৩ জানুয়ারি, ২০২৫);<br>৩। বিভাগীয় পর্যায়ে জানুয়ারি চতুর্থ সপ্তাহ (২৫-৩০ জানুয়ারি ২০২৫);<br>৪। জাতীয় পর্যায়ে ফেব্রুয়ারি ২০২৫-এর প্রথম সপ্তাহ অথবা সুবিধাজনক সময়ে (১-১৯ ফেব্রুয়ারি ২০২৫)। |
| ৩। | তরুণদের অংশগ্রহণ ও সহযোগিতায় সারা বাংলাদেশে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং বর্জ্য-শূন্যতার প্রচার | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ | ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত |
| ৪। | জুলাই-আগস্ট ২০২৪ সালের অভ্যুত্থানে শহীদ, আহত ও অসমর্থ যুবকদের আর্থিক সহায়তা প্রদান | জেলা পরিষদসমূহ | ১। জানুয়ারি, ২০২৫ এর প্রথম সপ্তাহে তালিকা সংগ্রহ (৪-৯ জানুয়ারি ২০২৫),<br>২। জানুয়ারি, ২০২৫ এর দ্বিতীয় সপ্তাহ হতে ফেব্রুয়ারি, ২০২৫ এর দ্বিতীয় সপ্তাহে পরিবারের সাথে সাক্ষাৎ ও আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম<br>(৪ জানুয়ারি- ১৩ ফেব্রুয়ারি ২০২৫) |
| ৫। | সারাদেশে মশক নিধন ও জলাবদ্ধতা নিরসন কার্যক্রম | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ | ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত |
| ৬। | স্থানীয় প্রশাসনের সাথে সম্পৃক্ত হয়ে রচনা প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, আঞ্চলিক খেলাধুলা ও জুলাই ৩৬ সংক্রান্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ | স্থানীয় প্রশাসনের সাথে সম্পৃক্ত হয়ে ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত |

২। বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে নতুন বাংলাদেশ বিনির্মাণে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ওয়াসা, ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায় থেকে শুরু করে

উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে পর্যায়ক্রমে কর্মসূচিসমূহ বাস্তবায়ন করা হবে। তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায়, উপজেলা পর্যায়, ইউনিয়ন পর্যায় এবং জাতীয় পর্যায়ের নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

**২.১ তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ের কমিটি নিম্নরূপঃ**

| | | |
|---|---|---|
| ক) বিভাগীয় কমিশনার | - | আহবায়ক; |
| খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/উন্নয়ন/রাজস্ব) | - | সদস্য; |
| গ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য |
| ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিপিএইচই | - | সদস্য; |
| ঙ) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারে কার্যালয় | - | সদস্য-সচিব; |

**২.২ তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে জেলা পর্যায়ের কমিটি নিম্নরূপঃ**

| | | |
|---|---|---|
| ক) জেলা প্রশাসক | - | আহবায়ক; |
| খ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | - | সদস্য; |
| গ) অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ/শিক্ষা) | - | সদস্য; |
| ঘ) প্রশাসক, পৌরসভা | - | সদস্য; |
| ঙ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য; |
| চ) নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই | - | সদস্য; |
| ছ) জেলা শিক্ষা অফিসার | - | সদস্য; |
| জ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - | সদস্য; |
| ঝ) উপপরিচালক, স্থানীয় সরকার | - | সদস্য-সচিব; |

**২.৩ তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা পর্যায়ের কমিটি নিম্নরূপঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার | - | আহবায়ক; |
| খ) সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য; |
| গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | সদস্য; |
| ঘ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য; |
| ঙ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | সদস্য; |
| চ) সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী,ডিপিএইচই | - | সদস্য; |
| ছ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য-সচিব; |

**২.৪ তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের কমিটি নিম্নরূপঃ**

| | | |
|---|---|---|
| ক) চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ | - | আহবায়ক; |
| খ) সদস্য, ইউনিয়ন পরিষদ (এক জন) | - | সদস্য; |
| গ) সদস্য (মহিলা সংরক্ষিত), ইউনিয়ন পরিষদ (এক জন) | - | সদস্য; |
| ঘ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি | - | সদস্য; |
| ঙ) ইউনিয়ন পরিষদের ট্যাগ অফিসার | - | সদস্য; |
| চ) উপসহকারী কৃষি কর্মকর্তা | - | সদস্য; |
| ছ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | - | সদস্য; |
| ঙ) ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা | - | সদস্য-সচিব; |

২.৫ জাতীয় পর্যায়ে **'তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ'- শীর্ষক কর্মশালা আয়োজনের লক্ষ্যে কমিটি নিম্নরূপঃ**

| | | | |
|---|---|---|---|
| ১) | মাননীয় উপদেষ্টা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | উপদেষ্টা |
| ২) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | আহবায়ক |
| ৩) | অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৪) | মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন। | : | সদস্য |
| ৫) | প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই | : | সদস্য |
| ৬) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | : | সদস্য |
| ৭) | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা | : | সদস্য |
| ৮) | যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/উন্নয়ন/নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২/ নগর উন্নয়ন-৩/ পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৯) | উপসচিব (প্রশাসন-১/ জেলা পরিষদ/পৌর-১/উপজেলা-১/ইউনিয়ন পরিষদ-১/সিটি কর্পোরেশন-১/ পাস-১/পাস-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ১০) | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ১১) | যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য-সচিব |

৩। তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে **'তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ'**-শীর্ষক কর্মশালায় ইউনিয়ন পর্যায়ের চ্যাম্পিয়ন উপজেলা পর্যায়ে, উপজেলা পর্যায়ের চ্যাম্পিয়ন জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের চ্যাম্পিয়ন বিভাগ পর্যায়ে, বিভাগীয় পর্যায়ের চ্যাম্পিয়ন জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

খ) বিভাগীয় পর্যায়ের কর্মশালা শেষে সকল বিভাগ হতে চ্যাম্পিয়ন প্রতিনিধি বাছাই করে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে জাতীয় পর্যায়ে সমাবেশের আয়োজন করতে হবে।

গ) কর্মশালার ব্যয় বাবদ ইউনিয়ন পরিষদ -১০,০০০/- (দশ হাজার) টাকা, উপজেলা পরিষদ-২০,০০০/- (বিশ হাজার) টাকা, পৌরসভা- ২০,০০০/-(বিশ হাজার) টাকা, জেলা পরিষদ- ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) ও বিভাগ পর্যায়ে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে। তবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিজস্ব আয় হতে এ কাজে প্রয়োজনীয় অতিরিক্ত ব্যয় নির্বাহ করতে পারবে।

ঘ) সারাদেশের স্কুল ও কলেজের ছাত্রছাত্রীদের পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন (ওয়াস) এর বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল পর্যায়ে **"জনস্বাস্থ্য রক্ষায় স্বাস্থ্য সম্মত শৌচাগার হাত ধৌয়ার চেয়ে অধিক গুরুত্বপূর্ণ"** -শীর্ষক আন্তঃস্কুল বির্তক অনুষ্ঠানে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের চ্যাম্পিয়ন বিভাগ পর্যায়ে, বিভাগীয় পর্যায়ের চ্যাম্পিয়ন জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। কলেজ পর্যায়ে **"ডেঙ্গু মোকাবেলায় প্রাতিষ্ঠানিক উদ্যোগের চেয়ে ব্যক্তিগত সচেতনতা-ই অধিক গুরুত্বপূর্ণ"**- শীর্ষক আন্তঃকলেজ বির্তক অনুষ্ঠানে উপজেলা পর্যায়ের চ্যাম্পিয়ন জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের চ্যাম্পিয়ন বিভাগ পর্যায়ে, বিভাগীয় পর্যায়ের চ্যাম্পিয়ন জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

ঙ) তারুণ্যের উৎসব ২০২৫ চলাকালীন স্বেচ্ছাসেবীগণের সহযোগিতায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং বর্জ্য-শূন্যতার প্রচার এবং সারাদেশে মশক নিধনে বিশেষ অভিযান পরিচালনা করবে। এ সংক্রান্ত একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

চ) তারুণ্যের উৎসব ২০২৫ চলাকালীন জলাবদ্ধতা নিরসনে স্বেচ্ছাসেবীগণের সহযোগিতায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিশেষ কার্যক্রম পরিচালনা করবে।

ছ) জুলাই-আগস্ট ২০২৪ এর অভ্যুত্থানে শহীদ, আহত ও অসমর্থ যুবাদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম সংক্রান্ত সচিত্র প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

জ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সার্বিক কার্যক্রমে সহায়তা প্রদান করবে এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উদ্যোগে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায় হতে তথ্য সংগ্রহ করে একটি ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করবে।

ঝ) এ সংক্রান্ত যাবতীয় তথ্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার ই-মেইলে (lgadmin1@lgd.gov.bd) প্রেরণ করতে হবে এবং যে কোন প্রয়োজনে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) ড. মোঃ মনিরুল ইসলাম (মোবাইল নম্বর- ০১৮১৯১৩০০২৬, ফোন- ০২২২৩৩৫৫৫৬১)- এর সাথে যোগাযোগ করতে পারবেন।

২২.১২.২৪

মোঃ নজরুল ইসলাম
সচিব (রুটিন দায়িত্ব)
স্থানীয় সরকার বিভাগ

নম্বর- ৪৬.০০.০০০০.০৩৯.০২২.০০১.২০২৪-১৩৩১

তারিখঃ ০৭ পৌষ ১৪৩১ / ২২ ডিসেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। বিভাগীয় কমিশনার (সকল)।
৬। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
৮। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৯। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/জেলা/উপজেলা কার্যালয় (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা/মহাপরিচালক, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর/মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬। জেলা প্রশাসক (সকল)
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ/শিক্ষা), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৯। প্রশাসক, পৌরসভা (সকল)।
১০। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা--------------------------, জেলা--------------------------।

১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, জেলা.............................।
১২। জেলা শিক্ষা অফিসার, জেলা.....................................।
১৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা....................................।
১৪। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ..........................., জেলা..........................।
১৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা ..........................., জেলা..........................।
১৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা ..........................., জেলা..........................।
১৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা ..........................., জেলা..........................।
১৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা ..........................., জেলা..........................।
১৯। সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, ডিপিএইচই, উপজেলা ...................., জেলা.......................।
২০। উপসহকারী কৃষি কর্মকর্তা, ইউনিয়ন----------------, উপজেলা ...................., জেলা.......................
২১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন----------------, উপজেলা ...................., জেলা.......................।
২২। জনাব ...................................................

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে
১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২২/১২/২৪

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
লালমনিরহাট জেলা, লালমনিরহাট।
**www.dphe.lalmonirhat.gov.bd**

স্মারক নং ৪৬.০৩.৫২০০.০৬১.৯৯.০০১.২১- ৯১৬

তারিখ: ১৪ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ / ২৯ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।**
**১। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর/আদিতমারী উপজেলা, লালমনিরহাট।**
**২। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতিবান্ধা/পাটগ্রাম উপজেলা, লালমনিরহাট।**

২৯/১২/২৪

(প্রকৌ. মোঃ আব্দুল আলিম গাজী)
নির্বাহী প্রকৌশলী
ফোনঃ ০২৫৮৯-৯৮৬০৬৮
**ee.lalmonirhat@dphe.gov.bd**